



জোরপূর্বক শ্রম নীতিমালা Forced Labor Policy	
প্রধান তত্ত্বাবধায়ক	: এ.জি.এম. কমপ্লায়েন্স এবং ই.এম.এস.
বাস্তবায়কারী	: সকল বিভাগীয় প্রধান
প্রণয়নের তারিখ	: ০১/০১/২০১১ ইং
সর্বশেষ সংশোধনী	: ০১/০১/২০১৯ ইং
পুনরায়- সংশোধন/ বিবেচনা	: সময়, অবস্থা, স্থানীয় আইনের পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন, আন্তর্জাতিক আইনের পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন, ক্রেতার চাহিদা এবং অডিট রিপোর্টের ভিত্তিতে।
অনুমোদনক্রমে- ব্যবস্থাপনা পরিচালক (স্বাক্ষর ও তারিখ)	:  

উদ্দেশ্য :

শ্রমিক কর্মচারীদের ন্যায্য দাবি মিটিয়ে তাদের স্বাধীনতার প্রতি সর্বোচ্চ সম্মান প্রদানের মাধ্যমে একটি হয়রানি উৎপীড়ন মুক্ত ও স্বেচ্ছাধীন পরিবেশ সৃষ্টির মাধ্যমে প্রতিষ্ঠানের সর্বোচ্চ অর্থনৈতিক উন্নয়ন সাধন এই নীতির উদ্দেশ্য।

কারখানা কর্তৃপক্ষ কখনও কারও ইচ্ছার বিরুদ্ধে কোনো প্রকার কাজে নিয়োগ, বাধ্যতামূলক শ্রম বা বলপূর্বক অতিরিক্ত কাজে উৎসাহিত করে না। এছাড়া এই প্রতিষ্ঠান কোনো প্রকার দাসত্বমূলক বা বন্ধিত্বমূলক শ্রম হতে সম্পূর্ণ মুক্ত। শ্রমিক কর্মচারীদের সর্বোচ্চ প্রয়োজনীয় স্বাধীনতা প্রদানে এই প্রতিষ্ঠান বদ্ধপরিকর এবং ইহা বাস্তবায়ন করাই এই নীতির লক্ষ্য।

অঙ্গীকার :

কারখানা কর্তৃপক্ষ সবসময় একটি স্বেচ্ছাধীন প্রতিষ্ঠান হিসেবে শ্রমিক কর্মচারীদের সর্বোচ্চ স্বাধীনতা (কর্ম গ্রহন বা বর্জনের ক্ষেত্রে) নিশ্চিত করবে এবং প্রতিষ্ঠানের সব পর্যায়ে এই নীতি বাস্তবায়নে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহন করা হবে। যে কোনো ধরনের জোরপূর্বক শ্রম বা বাধ্যতামূলক শ্রম বা এর অনুশীলন থেকে ফকির এ্যাপারেলস লিঃ সম্পূর্ণ মুক্ত ILO Convention ২৯(১৯৩০) ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধান ৩৪.(১)।

নিম্নলিখিত কাজগুলো বাধ্যতামূলক শ্রম হিসাবে বিবেচিত হবে :

- যে কোনো ধরনের বন্দিশ্রম বা বাধ্যতামূলক শ্রম
- নিয়োগের ক্ষেত্রে মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা টাকা জামানত রাখা
- কর্মীর টাকা বকেয়া রেখে অতিরিক্ত সময় কাজ করার জন্য বলপ্রয়োগ করা
- ছুটি গ্রহনে অনুৎসাহিত করা বা বাধা প্রদান করা
- চাকুরীর স্বাভাবিক অবসানের ক্ষেত্রে বল প্রয়োগ করা বা নিষেধ করা
- অতিরিক্ত সময়ে কাজ করার জন্য বলপ্রয়োগ করা বা বিনা অনুমতিতে অতিরিক্ত সময় কাজ করতে কর্মীকে বাধ্য করা
- নির্দিষ্ট সময় পর্যন্ত কর্মীকে চাকুরীতে কর্মরত থাকতে চুক্তিবদ্ধ হওয়া ইত্যাদি
- অতিরিক্ত টাকা অগ্রিম দিয়ে অথবা অন্য কোন কিছু জমা রেখে পদত্যাগ না করতে বাধা দেওয়া।
- ব্যবসার কাজে জড়িত এমন এজেন্ট ও কন্টাকটরের নিকট হতে শ্রমিক না নেওয়া।

কারখানা কর্তৃপক্ষ এই ধরনের কোনো কাজই সমর্থন করে না বরং এই ধরনের কোনো ঘটনা ঘটান সাপেক্ষে দায়ী ব্যক্তির বিরুদ্ধে দ্রুত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহনে কোম্পানী দায়বদ্ধ।